# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২৭৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ চুল ঝুটি বাঁধা অবস্থায় সালাত আদায় করা মাকরূহ হওয়া প্রসঙ্গে বর্ণনা

## ذِكْرُ الْإِخْبَارِ عَنْ كَرَاهِيَةِ صَلَاةِ الْمَرْءِ وَشَعَرُهُ معقوص

আরবী

2277 - أَخْبَرَنَا ابْنُ سَلْمٍ حَدَّثَنَا حَرْمَلَةُ حَدَّثَنَا ابْنُ وَهْبٍ أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ , أَنَّ بُكَيْرًا حَدَّثَهُ , أَنَّ كُرَيْبًا مَوْلَى ابْنِ عَبَّاسٍ حَدَّثَهُ أَنَّ عَبْدَ اللَّهِ بْنَ عَبَّاسٍ رَأَى عَبْدَ اللَّهِ بْنَ الْحَارِثِ وشعرهُ مَعْقُوصٌ مِنْ وَرَائِهِ فَقَامَ مِنْ وَرَائِهِ فَجَعَلَ يَحُلُّهُ وأقرَّ لَهُ الْآخَرُ فَلَمَّا انْصَرَفَ أَقْبَلَ إِلَى ابْنِ عَبَّاسٍ فقال: مالك وَرَأْسِي فَقَالَ: إِنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (إِنَّمَا مَثَلُ هَذَا كمثل الذي يصلي وهو مكتوف)

الراوي : كُرَيْب مَوْلَى ابْنِ عَبَّاسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2277 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (654): م (1).

বাংলা

২২৭৭. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমার আজাদকৃত দাস কুরাইব থেকে বর্ণিত, তিনি বলেন, “একবার আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা আব্দুল্লাহ বিন হারিসকে দেখলেন যে, তিনি তার মাথার পিছনে চুল ঝুটি বেঁধে নিয়েছেন। তখন তিনি তার পিছনে দাঁড়ান এবং তার ঝুটি খুলতে শুরু করেন, আর অপর ব্যক্তি নিজ অবস্থায় বহাল থাকেন। অতঃপর যখন তিনি সালাত শেষ করেন, তখন তিনি আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমার মুখোমুখি হন এবং বলেন, “আমার চুলের সাথে আপনার কী হলো?” জবাবে তিনি বলেন, “নিশ্চয়ই আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন, “নিশ্চয়ই এর দৃষ্টান্ত হলো ঐ ব্যক্তির মতো, যে হাত বাঁধা অবস্থায় সালাত আদায় করে।”[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৪৯২; আবূ দাঊদ: ৬৪৬; নাসাঈ: ২/২১৫-২১৬; সহীহ ইবনু খুযাইমাহ: ৯১০; সুনান বাইহাকী: ২/১০৮-১০৯; দারেমী: ১/৩২০-৩২১; মুসানাদ আহমাদ: ১/৩০৪।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৬৫৪)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91595

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন